



প্রধান কার্যালয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন টাওয়ার, ২-৩, রাজউক এ্যাভিনিউ, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।  
টেলিফোনঃ +৮৮ ০২ ৯৫৭৭২০৬-১১  
জেনারেল সার্ভিসেস ডিভিশন

সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংকের প্রধান কার্যালয়ের অকার্যকর ২টা ফটোকপি মেশিন (TOSHIBA E-STUDIO-353 এবং XEROX WORK CENTRE-5021) বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ক্রেতাবৃন্দের নিকট হতে বদ্ধ খামে দরপত্র দাখিল করার জন্য আহবান জানানো যাচ্ছে।

#### দরপত্রের শর্তাবলিঃ

(১) ১৮/১০/২০২০খ্রি. তারিখে বিকাল ৩ঘটিকার মধ্যে দরপত্র দাখিল করতে হবে। আগ্রহী দরদাতা প্রতিষ্ঠানসমূহকে নিজস্ব লেটারহেড প্যাডে স্বাক্ষর-সীলমোহরসহ বদ্ধ খামে দরপত্র জমা প্রদান করতে হবে। আগ্রহী প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে (ক) ট্রেড লাইসেন্স, (খ) ই-টি.আই.এন এবং (গ) ভ্যাট সার্টিফিকেটের অনুলিপি দাখিল করতে হবে। ব্যক্তি পর্যায়ে আগ্রহী দরদাতা কে সাদা কাগজে স্বাক্ষর ও মোবাইল নাম্বারসহ বদ্ধ খামে আবেদনপত্রের সাথে এন.আই.ডি এর অনুলিপি দাখিল করতে হবে। দরপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করতে হবে।

দরপত্র দাখিলের স্থানঃ সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, বি.এস.সি. টাওয়ার (৭ম ফ্লোর), ২-৩, রাজউক এ্যাভিনিউ, মতিঝিল, ঢাকা-১০০০।

(২) আগ্রহী ক্রেতাগণকে যে কোন কর্মদিবসে সকাল ১১.০০ হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত মেশিন/মেশিনসমূহ পরিদর্শন পূর্বক দরপত্র জমা প্রদান করতে হবে। প্রতিটি মেশিনের জন্য পৃথক পৃথক দরপত্র প্রদান করতে হবে।

(৩) প্রতিটি মেশিনের মূল্য দেশীয় মুদ্রায় অংকে এবং কথায় সুস্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে। অপ্রত্যাশিত কাটাকাটি/ঘষামাজা সম্বলিত গ্রহণযোগ্য হবে না।

(৪) দরদাতা প্রতিষ্ঠানসমূহকে দরপত্রের সাথে সাউথ বাংলা এগ্রিকালচার এ্যান্ড কমার্স ব্যাংক লিমিটেড এর অনুকূলে ৳১,০০০/- (টাকা এক হাজার) মূল্যমানের পে-অর্ডার (ফেরতযোগ্য) জমা প্রদান করতে হবে। নির্বাচিত/কৃতকার্য দরদাতা প্রতিষ্ঠানের বিক্রয় আদেশের মোট মূল্যের সাথে পে-অর্ডারটি সমন্বয় করা হবে। অনির্বাচিত/অকৃতকার্য প্রতিষ্ঠানের পে-অর্ডার দরদাতা প্রতিষ্ঠান নির্বাচনের পর ফেরত প্রদান করা হবে।

(৫) কৃতকার্য দরদাতাকে সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত মূল্যের উপর সকল আয়কর, ভ্যাট ইত্যাদি পরিশোধ করতে হবে।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র সম্পূর্ণ বা আংশিক বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(৭) বাংলাদেশ সরকারের নিয়মানুসারে কর পরিশোধ করা হবে।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ সর্বোচ্চ দরদাতার নিকটে বিক্রয়ে বাধ্য নয় এবং কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন একটি বা সবগুলো দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

স্বা/-

বিভাগীয় প্রধান, জি. এস. ডি.